# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

## ২০১৬ সালের ডিসেম্বর মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদন:

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৬-২০১৭ মাড়াই মৌসুমে ১৫৪০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৫৬% চিনি আহরণ হারে ১১৬৩৫০ মে.টন চিনি উংপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ:

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | চিটাগুড় (মে.টন) | স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) | |
| জুলাই,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ২৬৪,৮০৪ | ৩২.১৫ | |
| আগস্ট,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ৩৯৪,৮০৬ | ৩৫.৬১ | |
| সেপ্টেম্বর,২০১৬ | অমৌসুম | অমৌসুম | ৩৬৯,৯০৫ | ৩৫.৬১ | |
| অক্টোবর,২০১৬ | ৮৫.০০ | - | ৩৩০,৩৪৭ | ১৪৬.৯০ | |
| নভেম্বর,২০১৬ | ৫,৪৯৫.০০ | ৪,৫৭৫.০০ | ৫৬৬,৬৯৩ | ৭৯.৭৩ | |
| ডিসেম্বর,২০১৬ | ২২২৮৮.১৫ | ১১৬১১.৩৪ | ৪৬৩,২৪১ | ৯৭.৭৯ | |
| জানুয়ারী,২০১৭ | - | - | - | - | |
| ফেব্রুয়ারী,২০১৭ | - | - | - | - | |
| মার্চ,২০১৭ | - | - | - | - | |
| এপ্রিল,২০১৭ | - | - | - | - | |
| মে,২০১৭ | - | - | - | - | |
| জুন,২০১৭ | - | - | - | - | |
| মোট ঃ | ২৭৮৬৮.১৫ | ১৬১৮৬.৩৪ | ২,৩৮৯,৭৯৬ | ৪২৭.৭৯ | |

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি:

ডিসেম্বর, ২০১৬ মাসে ১৫ টি চিনিকলে ৩৩৮৬৮ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ২২২৮৮.১৫ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৬৬%। এ সময় পর্যন্ত উৎপাদন ২৭৮৬৮.১৫ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ২৬৯৩০.৭৫ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ৩% বেশি।

মোলাসেস: :

ডিসেম্বর, ২০১৬ মাসে ১৫ টি চিনিকলে ১৭৪৮৬.২৭ মে.টন মোলাসেস উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১১৬১১.৩৪ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৬৬%। এ সময় পর্যন্ত উৎপাদন ১৬১৮৬.৩৪ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ১৬০৮৭.৮৬ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১% বেশি।

স্পিরিট ও এলকোহল :

ডিসেম্বর, ২০১৬ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৪৬৩২৪১ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১১১%। এ সময় পর্যন্ত উৎপাদন ২৩৮৯৭৯৬ প্রুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ২০৫১৭০৯ প্রুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১৬% বেশি।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

ডিসেম্বর, ২০১৬ মাসে রেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ৯১.৬৭ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৯৭.৭৯ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১০৭% । এ সময় পর্যন্ত উৎপাদন ৪২৭.৭৯ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৫৫৫.৭০ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ২৩% কম ।

উৎপাদন ব্যয় :

ডিসেম্বর, ২০১৬ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১৪৯৫৫.২২ লক্ষ টাকা। এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ১৬৪১৩.১০ লক্ষ টাকা। এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ২৫৬৭১.৯৪ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ১৮৫৭৫.৬১ লক্ষ টাকার তুলনায় ৩৮% বেশি।

২। বিক্রয় (পরিমাণ) :

চিনি :

ডিসেম্বর, ২০১৬ মাসে চিনিকলসমূহে ৩০৩৮.৭০ মে.টন চিনি বিক্রয় হয়। এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ২৫২৩৬.২২ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৬৯৪৪৫.১৬ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৬৩.৬৬% কম।

মোলাসেস :

ডিসেম্বর, ২০১৬ মাসে চিনিকলসমূহে ৪৮৪৩.৩৩ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৭৭৭.৪৬ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৭৮% । এসময় পর্যন্ত বিক্রয় ১৯৭০৩.৬০ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ২৪৩৫৯.৯৫ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ১৯.১১% কম ।

স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার :

ডিসেম্বর, ২০১৬ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৪৫৫৩৬ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৮৩% । এ সময় পর্যন্ত বিক্রয় ১৯৭৪৫৫১ প্রুফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ১৯১৪৯৯৮ প্রুফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৩.১১% বেশি।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

ডিসেম্বর, ২০১৬ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ৯১.৬৭ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ১২৫.৩৭ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ১৩৭% । এ সময় পর্যন্ত বিক্রয় ৪৬৯.১৯ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৫৫৮.২২ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ১৫.৯৫% কম।

বিক্রয়(মূল্য) :

ডিসেম্বর, ২০১৬ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ৩০৩৮.৭০ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৪৭৮৯.৫৪ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ৫২৮২.১০ লক্ষ টাকার ৯১% । এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ২৯২৯৪.৩৭ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ৪০৩১৫.৪৮ লক্ষ টাকার ২৭% কম। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল।

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | | চিটাগুড় (মে.টন) | স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) |
| | নিজস্ব উৎপাদিত | আমদানিকৃত | | | |
| জুলাই,২০১৬ | ৪৯০৯.৬০ | - | ১৪৭৬.১৭ | ২২৯,৭৩২ | ১৯.৩৬ |
| আগস্ট,২০১৬ | ৩২১৩.০৫ | - | ৩৬১৮.৭৭ | ৩৫৫,৮৮০ | ৩৫.৮৬ |
| সেপ্টেম্বর,২০১৬ | ৩৩৬১.৩০ | - | ৩২৯৬.৩৩ | ৩০৮,২৯৩ | ৩৭.৮৬ |
| অক্টোবর,২০১৬ | ৪১১৩.৪২ | - | ৩৬৮১.৮২ | ৩৮৭,৫২১ | ১২৫.৩৭ |
| নভেম্বর,২০১৬ | ৬৬০০.১৫ | - | ৩৮৫৩.০৬ | ৩৪৭,৫৮৯ | ১২৫.২৭ |
| ডিসেম্বর,২০১৬ | ৩০৩৮.৭০ | - | ৩৭৭৭.৪৬ | ৩৪৫,৫৩৬ | ১২৫.৩৭ |
| জানুয়ারী,২০১৭ | - | - | - | - | - |
| ফেব্রু য়ারী,২০১৭ | - | - | - | - | - |
| মার্চ,২০১৭ | - | - | - | - | - |
| এপ্রিল,২০১৭ | - | - | - | - | - |
| মে,২০১৭ | - | - | - | - | - |
| জুন,২০১৭ | - | - | - | - | - |
| মোট ঃ | ২৫২৩৬.২২ | - | ১৯৭০৩.৬০ | ১,৯৭৪,৫৫১ | ৪৬৯.১৯ |

৩। **উৎপাদিত দ্রব্যাদির মজুদ :**

ডিসেম্বর, ২০১৬ মাসের শেষে চিনিকলসমূহে ৭৩৭৮২.৭২ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ১০৭০৪৪.৩২ মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৫২৬৮৬.১৭ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৪৬১৩৯.১৩ লক্ষ টাকার তুলনায় ১৪.১৯% বেশি। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। **উৎপাদন সহায়ক মালামালের মজুদ :**

ডিসেম্বর, ২০১৬ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ২১৮৩.৮৪ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ২৩১৫.১১ লক্ষ টাকার তুলনায় ৬% কম। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। **শুল্ক ও কর প্রদান :**

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহে হতে ডিসেম্বর, ২০১৬ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৬২৩.৮৩ লক্ষ টাকা (ভ্যাট ৬১৬.৫১ লক্ষ টাকা এবং অন্যান্য কর ৭.৩২ লক্ষ টাকা) প্রদান করা হয়। এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ৩৭৬৯.৭৭ লক্ষ টাকা প্রদান করা হয়।

-------------